# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৮০

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যেসব বৈশিষ্ট্যের কারণে একজন ব্যক্তি আল্লাহর রাস্তায় নিহত হওয়া ছাড়াও শহীদি মর্যাদা পেতে পারে তার বর্ণনা

## ذِكْرُ الْخِصَالِ الَّتِي تَقُومُ مَقَامَ الشَّهَادَةِ لِغَيْرِ الْقَتِيلِ فِي سَبِيلِ اللَّهِ

আরবী

3180 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ جَابِرِ بْنِ عَتِيكٍ عَنْ عَتِيكِ بْنِ الْحَارِثِ بْنِ عَتِيكٍ - وَهُوَ جَدُّ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ أَبُو أُمِّهِ - أَنَّ جَابِرَ بْنَ عَتِيكٍ أَخْبَرَهُ:

أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم جَاءَ يَعُودُ عَبْدَ اللَّهِ بْنَ ثَابِتٍ فَوَجَدَهُ قَدْ غُلِبَ عَلَيْهِ فَصَاحَ بِهِ فَلَمْ يُجِبْهُ فَاسْتَرْجَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ: (غُلِبْنَا عَلَيْكَ يَا أَبَا الرَّبِيعِ) فَصَاحَتِ النِّسْوَةُ وَبَكَيْنَ وَجَعَلَ ابْنُ عَتِيكٍ يُسَكِّتُهُنَّ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (دَعْهُنَّ فَإِذَا وَجَبَ فَلَا تبكينَّ بَاكِيَةٌ) , قَالُوا: وَمَا الْوُجُوبُ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ:

(إِذَا مَاتَ)

قَالَتِ ابْنَتُهُ: وَاللَّهِ إِنْ كُنْتُ لَأَرْجُو أَنْ تَكُونَ شَهِيدًا فَإِنَّكَ كُنْتَ قَدْ قَضَيْتَ جِهَازَكَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ اللَّهَ قَدْ أَوْقَعَ أَجْرَهُ عَلَى قَدْرِ نِيَّتِهِ وَمَا تَعُدُّونَ الشَّهَادَةَ؟ ) قَالُوا: الْقَتْلُ فِي سَبِيلِ اللَّهِ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الشَّهَادَةُ سَبْعٌ - سِوَى الْقَتْلِ فِي سَبِيلِ اللَّهِ -: الْمَبْطُونُ شَهِيدٌ وَالْغَرِيقُ شَهِيدٌ وَصَاحِبُ ذَاتِ الْجَنْبِ شَهِيدٌ وَالْمَطْعُونُ شَهِيدٌ وَصَاحِبُ الْحَرِيقِ شَهِيدٌ وَالَّذِي يَمُوتُ تَحْتَ الْهَدْمِ شَهِيدٌ وَالْمَرْأَةُ تموت بجمع شهيد)

الراوي : جَابِرِ بْنِ عَتِيكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3180 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2723) , ((أحكام الجنائز)) (54).

বাংলা

৩১৮০. জাবির বিন আতীক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার আব্দুল্লাহ বিন সাবিত রাদ্বিয়াল্লাহু আনহুকে অসুস্থতায় দেখতে আসেন। অতঃপর তিনি দেখতে পান যে, তিনি রোগের কাছে পরাভূত হয়ে গেছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ডাক দিলেন, কিন্তু তিনি কোন জবাব দিলেন না। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ‘ইন্না লিল্লাহ…’ বলেন এবং তিনি বলেন, “আবুর রবী, নিশ্চয়ই আমরা তোমার ব্যাপারে পরাভূত হয়ে গেলাম।” তখন নারীরা চিৎকার করে কেঁদে উঠেন। আর ইবনু আতীক রাদ্বিয়াল্লাহু আনহু তাদেরকে শান্ত করানোর চেষ্টা করেন।  তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “তাদেরকে ছেড়ে দাও। যখন অবধারিত হয়ে যাবে, তখন তোমাদের মাঝে কেউ যেন না কাঁদে।” সাহাবীগণ জিজ্ঞেস করলেন, “অবধারিত হওয়া কি?” জবাবে তিনি বলেন, “যখন মারা যাবে।”

জাবির বিন আতীক রাদ্বিয়াল্লাহু আনহুর মেয়ে বলেন, “আল্লাহর কসম, নিশ্চয়ই আমি আশাবাদী যে, আপনি শহীদ হিসেবে গণ্য হবেন। কেননা আপনি তো জিহাদের সরঞ্জাম সম্পন্ন করেছিলেন।” এটা শুনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “নিশ্চয়ই আল্লাহ তার নিয়ত অনুসারে তার সাওয়াব কার্যকর করেছেন। তোমরা কোনটাকে শাহাদত হিসেবে গন্য করো?” সাহাবীগণ জবাবে বলেন, “আল্লাহর রাস্তায় নিহত হওয়া।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “আল্লাহর রাস্তায় নিহত হওয়া ছাড়াও সাত রকমের শাহাদতবরণ রয়েছে। পেটের পীড়ায় মৃত ব্যক্তি শহীদ, পানিতে ডুবে মারা যাওয়া ব্যক্তি শহীদ, প্লুরিসি রোগে আক্রান্ত ব্যক্তি, প্লেগে মারা যাওয়া ব্যক্তি শহীদ, পুড়ে মারা যাওয়া ব্যক্তি শহীদ, ধ্বসে মারা যাওয়া ব্যক্তি শহীদ, গর্ভাবস্থায় কোন নারী মারা গেলে সে শহীদ।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৫/৩৩২; মুয়াত্তা ইমাম মালিক: ১/২৩৩; মুসনাদ আহমাদ: ৫/৪৪৬; আবূ দাঊদ: ৩১১১; নাসাঈ: ৪/১৩; হাকিম: ১/৩৫১; সুনান বাইহাকী: ৪/৬৯-৭০; ইবনু মাজাহ: ২৭০৩; তাবারানী আল কাবীর: ১৭৮০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৬৯৫; সহীহুল বুখারী: ২৮২৯; সহীহ মুসলিম: ১৯১৪; দারেমী: ২/২০৮; আত তায়ালিসী: ৫৮২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আতীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92510

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন